# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/২৩৩২৫১০১০১২১/বরিশাল-১২৩/ ২৪৪

তারিখ: ২৫ ভাদ্র ১৪৩২ / ০৯ সেপ্টেম্বর ২০২৫

**বিষয় : অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলাধীন উত্তর কাজলাকাঠি দাখিল মাদ্রাসার নিয়ম বর্হিভূত ম্যানেজিং কমিটির অনুমোদন না দেয়ার জন্য জনাব কামরুল ইসলাম নেওয়াজ অভিযোগ দাখিল করেছেন। দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায়, মাদ্রাসার সুপার নিয়মিত অফিসে না আসা, এডহক কমিটির সভাপতি গত ছয় মাসের মধ্যে একদিনও মাদ্রাসায় অনুপস্থিতি, মাদ্রাসার ছাত্র ছাত্রী ও এলাকাবাসিকে না জানিয়ে কমিটি গঠন করা সংক্রান্ত বিষয় অভিযোগকারী তার অভিযোগে উল্লেখ করেন (কপি সংযুক্ত)।

এমতাবস্থায় অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে নির্বাচনে দায়িত্বপ্রাপ্ত প্রিজাইডিং অফিসার ব্যতিরেকে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০১ (দুই)
পাতা।

৯.৯.২৫

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার
বাকেরগঞ্জ, বরিশাল।

নং-বামাশিবো/প্রশা/২৩৩২৫১০১০১২১/বরিশাল-১২৩/

তারিখ: ২৫ ভাদ্র ১৪৩২ / ০৯ সেপ্টেম্বর ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, বরিশাল;
২. জেলা শিক্ষা অফিসার, বরিশাল;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাকেরগঞ্জ, বরিশাল;
৪. সভাপতি, উত্তর কাজলাকাঠি দাখিল মাদ্রাসা, ডাকঘর-কাজলকাঠী, থানা-বাকেরগঞ্জ, বরিশাল;
৫. সুপার/ভারপ্রাপ্ত সুপার, উত্তর কাজলাকাঠি দাখিল মাদ্রাসা, ডাকঘর-কাজলকাঠী, থানা-বাকেরগঞ্জ, বরিশাল;
৬. কামরুল ইসলাম নেওয়াজ (অভিযোগকারী), সাং-উত্তর কাজলাকাঠী, পো: কামারখালি, থানা-বাকেরগঞ্জ, বরিশাল;
৭. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯. অফিস কপি।

০৯.০৯.২৫

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

তারিখ: ০১-০৯-২০২৫ ইং

বরাবর,

রেজিষ্টার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফানেজ রোড, বকশীবাজার, ঢাকা

বিষয় ঃ নিয়ম বহির্ভূত ম্যানেজিং কমিটির অনুমোদন না দেওয়ার প্রসঙ্গে।

জনাব.

সবিনয় বিনীত নিবেদন এই যে, বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলাধীন উত্তর কাজলাকাঠী দাখিল মাদ্রাসার এডহক কমিটির মেয়াদ শেষ হবে ২৩-০৯-২০২৫ইং তারিখে। কিন্তু গোপনে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস থেকে কমিটি করেছে মর্মে জানতে পারি। বর্তমান এডহক কমিটির সভাপতি এই ছয় মাসে অত্র প্রতিষ্ঠানে একবারও আসেন নাই এবং মিটিং করেন নাই। সুপার সাহেব মাসে তিন চার দিনের বেশী মাদ্রাসায় আসেন না। মাদ্রাসার কোন ছাত্র ছাত্রী ও এলাকাবাসী জানেন না কমিটির সভাপতি কে। যেখানে নিয়ম অনুযায়ী হওয়ার কথা খসরা ভোটার তালিকা, চূড়ান্ত ভোটার তালিকা, তপশিল ও নির্বাচনের তারিখ ঘোষনা, মনোনয়ন পত্র দাখিল. প্রার্থী যাচাই বাছাই ও নির্বাচন যার কোনটিই করা হয়নি এবং ছাত্র ছাত্রী ও এলাকাবাসী নির্বাচনের বিষয়ে কিছুই জানেনা। শোনা যাচ্ছে এডহক কমিটির সভাপতিকে আবারও ম্যানেজিং কমিটির সভাপতি করা হয়েছে। যেখানে গত ছয় মাসে একদিনের জন্য সভাপতি সাহেব মাদ্রাসায় যায়নি সেখানে আগামি দুই বছর কি যাবে? একজন সভাপতি যদি মাদ্রাসায় না যায় তাহলে শিক্ষা প্রতিষ্ঠানের যে অবস্থা হওয়ার কথা ঠিক সে রকমেই অবস্থা চলছে। আমি অত্র মাদ্রাসার সাবেক ছাত্র হিসেবে মাদ্রাসার লেখাপড়া ও সুষ্ঠ পরিবেশ উন্নয়নের জন্য অবৈধ ও নিয়ম বহির্ভূত ম্যানেজিং কমিটি বাতিল পূর্বক তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করছি।

অতএব জনাবের নিকট আকুল আবেদন যাহাতে নিয়ম বহির্ভূত ম্যানেজিং কমিটির অনুমোদন না দেওয়ার জন্য নেক মর্জি কামনা করছি।

নিবেদক

কামরুল ইসলাম

কামরুল ইসলাম (নেওয়াজ)

সাবেক ছাত্র

উত্তর কাজলাকাঠী দাখিল মাদ্রাসা

মোবাইল: ০১৯১২-৬৫১১৬১

CamScanner